



ফেব্রুয়ারিতেই সংসদ নির্বাচন, জনমনে শঙ্কার কারণ নেই: আইন উপদেষ্টা



সংগৃহীত ছবি

আইন, বিচার ও সংসদ বিষয়ক উপদেষ্টা আসিফ নজরুল জানিয়েছেন, জাতীয় সংসদ নির্বাচন বিলম্বিত হওয়ার কোনো পরিকল্পনা নেই। ভোট নির্ধারিত সময়েই অনুষ্ঠিত হবে এবং এটি উৎসবমুখর পরিবেশে আয়োজনের জন্য প্রয়োজনীয় সব ব্যবস্থা নেওয়া হবে। রোববার (৯ নভেম্বর) তিনি রাজশাহীর চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবনের লিগ্যাল এইড অফিসে বিচারকদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের সঙ্গে এই মন্তব্য করেন।

তিনি বলেন, নির্বাচন নিয়ে জনমনে বিভ্রান্তি তৈরি হওয়ার কোনো কারণ নেই। সরকার ফেব্রুয়ারির প্রথমার্ধে নির্বাচন আয়োজনের ক্ষেত্রে প্রতিশ্রুতিবদ্ধ। রাজনৈতিক দলগুলো মাঝে মাঝে চাপ সৃষ্টির জন্য বিভিন্ন মন্তব্য করে, যা কিছুটা শঙ্কা তৈরি করতে পারে। আসিফ নজরুল উল্লেখ করেন, “গত ১৬-১৭ বছরে নির্বাচন হয়নি, তাই কিছু মানুষের মধ্যে উদ্বেগ দেখা দেয়। এছাড়া ৫ কোটি মানুষ এখনো ভোট দিতে পারেননি, যা নির্বাচনকে আরও গুরুত্বপূর্ণ করে তোলে।” সাধারণ মানুষ অধীর আগ্রহে ভোটের অপেক্ষা করছে এবং ইতোমধ্যেই উৎসাহ তৈরি হয়েছে।

জামিনের বিষয়ে তিনি বলেন, এটি শুধুমাত্র বিচারকের সিদ্ধান্তের ওপর নির্ভর করে না। পুলিশ রিপোর্ট, ভিডিও ফুটেজ বা কণ্ঠ প্রমাণের ওপরও গুরুত্ব দেওয়া হয়। যেখানে জামিন দেওয়ার যোগ্যতা থাকে, সেখানে তা দেওয়া হবে। তবে যারা পুনরায় অপরাধ করতে পারে বা আইনশৃঙ্খলা ও পরিবেশে ক্ষতি করতে পারে, তাদের অতিরিক্ত জামিন হলে তা উদ্বেগজনক হবে।

আদালত সংস্কারের প্রসঙ্গে আসিফ নজরুল বলেন, “একজন বিচারকের দায়িত্বের পরিবর্তে এখন তিনজন বিচারক দায়িত্ব পালন করবেন, যাতে মামলার চাপ কমে। আমরা আদালত সংস্কারে বিভিন্ন উদ্যোগ নিচ্ছি, যা জনগণের জন্য সুফল বয়ে আনবে।”